

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫২২

আগরতলা, ৯ জানুয়ারি, ২০২৪

বিধানসভা সংবাদ

বিধানসভায় রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদসূচক প্রস্তাব নিয়ে আলোচনা
১৩তম বিধানসভার তৃতীয় অধিবেশনে আজ বিধানসভায় রাজ্যপালের ভাষণের উপর
ধন্যবাদসূচক প্রস্তাব নিয়ে আলোচনা হয়। অধিবেশনের প্রথমার্ধে রাজ্যপালের ভাষণের উপর
আলোচনায় অংশ নিয়ে বিধায়ক রঞ্জিত দাস বলেন, ত্রিপুরার জনগণের সার্বিক বিকাশের চিত্র
রাজ্যপালের ভাষণে ফুটে উঠেছে। তাছাড়াও রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদসূচকের
প্রস্তাবের আলোচনায় আজ অংশ নেন ট্রেজারি বেঞ্চার বিধায়ক ভগবান দাস, বিধায়ক পিনাকী
দাস চৌধুরী, বিধায়ক অন্তরা দেব সরকার, বিধায়ক তফাজ্জল হোসেন।

রাজ্যপালের ভাষণের উপর সংশোধনী এনে আলোচনায় অংশ নেন বিধায়ক
জীতেন্দ্র চৌধুরী, বিধায়ক ইসলাম উদ্দীন, বিধায়ক পাঠানলাল জমাতিয়া, বিধায়ক দীপঙ্কর সেন,
বিধায়ক পল দাংশু, বিধায়ক স্বপ্না দেববর্মা, বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা।
